

মহিলা উদ্যোগীদের উৎসাহ দেওয়ার কর্মশালা



নিজস্ব প্রতিনিধি : সম্প্রতি নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় ও কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পমন্ত্রকের অধীন এমএসএমই, কলকাতার সহযোগিতায় মহিলা উদ্যোগীদের উৎসাহ দেওয়ার জন্য ১ দিনের কর্মশালা হয়। বাছাই করা প্রায় ১১০ জন মহিলা উদ্যোগী কর্মশালায়

অংশ নেন। ছিলেন এমএসএমই, কলকাতার অধিকর্তা ডি মিত্র, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর সতীনাথ মুখার্জি, চিনেশ বিশ্বাস, তারক কংসবণিক আর এনএসইউ'এর পক্ষ থেকে ড. অনির্বান ঘোষ, ড. অতীন্দ্রনাথ দে ও অধ্যাপক রঞ্জন চক্রবর্তী। এছাড়াও বিশেষ বক্তা হিসাবে বক্তব্য রাখেন বিশিষ্ট

সমাজসেবী ও ন্যাশনাল চেম্বার অফ কটেজ অ্যান্ড স্মল ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান তাপসকুমার দে। মহিলা উদ্যোগীদের মধ্যে বক্তব্য রাখেন নিবেদিতা ভঞ্জ ও সঙ্গীতা সেন। উদ্যোগীরা নিজেদের ব্যবসার ক্ষেত্রে সমস্যা আর অভিজ্ঞতার কথা তুলে ধরেন। সবাই এধরনের কর্মশালার গুরুত্বের কথা বলেন।